



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা সমবায় কার্যালয়

মৌলভীবাজার সদর।

cooperative.moulvibazarsadar.gov.bd

সিটিজেন চার্টারঃ

উপজেলা সমবায় কার্যালয়, মৌলভীবাজার সদর, মৌলভীবাজার, সমবায় অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর অধীনস্থ একটি সরকারী প্রতিষ্ঠান। ১৯০৪ সাল থেকে এদেশের জনগনকে সমবায়ের ৭টি আর্দর্শে উদ্বুদ্ধ করে এ প্রতিষ্ঠান দেশের সকল শ্রেণীর ও পেশার জনগণের আর্থ-সামাজিক উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি ও দারিদ্র দূরীকরণের জন্য কাজ করে যাচ্ছে। সমবায়ের ভিত্তি হচ্ছে গনতন্ত্র, সাম্য ও সংহতি এবং এর লক্ষ্য হচ্ছে স্বাবলম্বিতা ও স্বনির্ভরতা। মূলতঃ কৃষি নির্ভর অর্থনীতিকে সমর্থন করার জন্য এদেশে সমবায়ের সুচনা হলে ও বর্তমানে অর্থনীতির প্রায় সকল ক্ষেত্রে সমবায় তার কার্যক্রমকে বিস্তৃত করেছে।

প্রত্যাশাঃ গনতন্ত্রমনা, দুর্নীতিমুক্ত, স্বচ্ছ, জবাবদিহিতামূলক নারী পুরুষ নির্বিশেষে সুশিক্ষিত ও সুদক্ষ জনশক্তি গড়ে তোলার মাধ্যমে সমবায় আন্দোলনকে বেগবান করা।

লক্ষ্যঃ ধনী-দরিদ্র নির্বিশেষে স্থায়ী চেষ্টিয় উন্নয়নে প্রত্যয়ী জনগোষ্ঠীকে সমবায়ের মাধ্যমে সংগঠিত করে উদ্যোক্তা সৃষ্টি ও পুঁজি বিনিয়োগের মাধ্যমে স্ব-কর্মসংস্থান ও আত্ম-নির্ভরশীল করে দারিদ্র দূরীকরণ। শিক্ষা ও প্রশিক্ষণের মাধ্যমে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করে দেশের সামাজিক ও অর্থনৈতিক উন্নয়নে সহযোগিতামূলক অংশ গ্রহণ নিশ্চিত করা।

সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) ও সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত-২০২০)

মোতাবেক আইনগত সেবা সমূহঃ

(ক) নিবন্ধন ও উপ-আইন সংশোধনঃ

- ❖ উপ-আইন নিবন্ধনের মাধ্যমে ১টি সমবায় সমিতির আইনগত ভিত্তি লাভ করে।। সমিতির সকল সদস্যদের সিদ্ধান্তের আলোকে প্রয়োজন অনুসারে যথাযথ আইনগত প্রক্রিয়া মোতাবেক উপ-আইন সংশোধন করা যায়। উপজেলা সমবায় অফিসার কর্তৃক বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড সমর্থনপুষ্ট প্রাথমিক সমবায় সমিতি সহ সরকারের বিশেষায়িত প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন করা হয়।
- ❖ বিআরডিবি সমর্থনপুষ্ট প্রাথমিক সমবায় সমিতি ও সরকারের বিশেষায়িত প্রকল্পভুক্ত প্রাথমিক সমবায় সমিতি ছাড়া অন্যান্য সকল প্রকার প্রাথমিক সমবায় সমিতির নিবন্ধনকারী কর্তৃপক্ষ হলেন জেলা সমবায় অফিসার মহোদয়।
- ❖ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক মহোদয় কর্তৃক সকল প্রকার কেন্দ্রীয় সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়।
- ❖ নিবন্ধক ও মহাপরিচালক, সমবায় অধিদপ্তর, ঢাকা মহোদয় মহোদয় কর্তৃক সকল প্রকার জাতীয় সমবায় সমিতির নিবন্ধন প্রদান করা হয়।
- ❖ সমবায় সমিতি নিবন্ধনের জন্য নিবন্ধন ফি প্রদান করতে হয়। এক্ষেত্রে সমবায় সমিতির প্রকার ভেদে সর্বনিম্ন নিবন্ধন ফি ৫০/- টাকা এবং সর্বোচ্চ নিবন্ধন ফি ৫,০০০/- টাকা। নিবন্ধন ফি সরকারী রাজস্ব। তাছাড়া নিবন্ধন ফি এর উপর ১৫% ভ্যাট নির্ধারিত কোডে ট্রেজারী চালানের মাধ্যমে দাখিল করতে হয়।

(খ) ব্যবস্থাপনা, অডিট, পরিদর্শন ও অবসায়নঃ

- ❖ নিবন্ধক কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মচারী বা ব্যক্তি দ্বারা সমিতির ব্যবস্থাপনা ও আর্থিক কার্যক্রমের উপর বাৎসরিক নিরীক্ষা সম্পাদন করা হয়।
- ❖ সমিতিতে সংগঠিত যে কোন অনিয়ম নিবন্ধক পরিদর্শন কিংবা তদন্তের মাধ্যমে নিষ্পত্তি করে থাকেন।
- ❖ সমিতি অকার্যকর হলে কিংবা সদস্যগণ সমিতির পরিচালনায় অনাগ্রহী হলে নিবন্ধক সমিতিতে অবসায়ন করতে পারেন কিংবা আইনগত পক্রিয়া অনুসরণ পূর্বক সমিতির নিবন্ধন বাতিল করতে পারেন।

(গ) প্রশিক্ষণ সেবাঃ


- ❖ প্রশিক্ষণ সেবা প্রদানের জন্য কুমিল্লা শহরের উপকণ্ঠে কোটবাড়ীতে রয়েছে দেশের শীর্ষ সমবায় প্রশিক্ষণ প্রতিষ্ঠান বাংলাদেশ সমবায় একাডেমি। এছাড়া ও আঞ্চলিক পর্যায়ে নরসিংদী, মুক্তাগাছা, ফরিদপুর, ফেনী, মৌলভীবাজার, খুলনা, কুষ্টিয়া, বরিশাল, নওগাঁ এবং রংপুরে ১০ টি আঞ্চলিক সমবায় প্রশিক্ষণ ইনস্টিটিউট রয়েছে।
- ❖ জেলা সমবায় কার্যালয় এর ড্রাম্যমাণ প্রশিক্ষণ ইউনিট ও উপজেলা সমবায় কার্যালয়ের যৌথ উদ্যোগে প্রতি বছর লক্ষ্যমাত্রা নির্ধারণ করে সমিতি পর্যায়ে সমবায়ীদের সমিতি পরিচালনা সহ রিসোর্স পারসনের মাধ্যমে তাদের চাহিদা ভিত্তিক প্রশিক্ষণের আয়োজন করা হয়।

(ঘ) অভিযোগ ও নিষ্পত্তিঃ

- ❖ উপজেলা পর্যায়ের অভিযোগ সমূহ উপজেলা সমবায় কর্মকর্তা বরাবরে দাখিল করা হলে আইনগতপন্থা অনুসরণ করে তা নিষ্পত্তি করা হয়।
- ❖ জেলা পর্যায়ে অভিযোগ সমূহ জেলা সমবায় কর্মকর্তা মহোদয় বরাবরে দাখিল হলে আইনগত পন্থা অনুসরণ করে তা নিষ্পত্তি করা হয়।
- ❖ বিভাগীয় পর্যায়ে অভিযোগ সমূহ বিভাগীয় যুগ্ম-নিবন্ধক মহোদয় বরাবরে দাখিল হলে আইনগত পন্থা অনুসরণ করে তা নিষ্পত্তি করা হয়।

(২)

- ❖ সমিতির সদস্যদের মধ্যে সৃষ্ট যে কোন বিরোধ, তাদের মধ্যে ন্যায় বিচার প্রতিষ্ঠা এবং সমিতির সদস্যদের সম-অধিকার নিশ্চিত কল্পে সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত-২০০২ ও ২০১৩) এর ৫০ ধারা মোতাবেক নির্ধারিত সময়ের মধ্যে নিষ্পত্তি করা হয়। রায়ে কেউ সংক্ষুদ্ধ হলে আপীল করার সুযোগ থাকে।



(জিতেন্দ্র সরকার)

উপজেলা সমবায় অফিসার

মৌলভীবাজার সদর।

ফোনঃ ০৮৬১-৬২৮০৩

ucomoulvibazarsadar01@gmail.com